



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা
ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



নং-৩৭.২৪.০০০০.০০০.০০০.৩২.০০০২.২৬-১৪৬

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
০৬ মে ২০২৬ খ্রিষ্টাব্দ

পিএইচ.ডি. ফেলোশিপ বিজ্ঞপ্তি-২০২৬

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় ২০২৬-২৭ অর্থবছরে পিএইচ.ডি. ফেলোশিপ ও বৃত্তি প্রদানের লক্ষ্যে দেশের অভ্যন্তরের সরকারি বিশ্ববিদ্যালয়সমূহে পিএইচডি কোর্সে ভর্তিকৃত/অধ্যয়নরত গবেষকগণের নিকট থেকে 'প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট পিএইচ.ডি. ফেলোশিপ ও বৃত্তি প্রদান নির্দেশিকা, ২০২২' অনুযায়ী দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

২। আবেদনের নিয়ম ও শর্তাবলি:

ক. গবেষকগণ অনলাইনে www.eservice.pmeat.gov.bd/phd আবেদন করবেন।

খ. ১০ মে ২০২৬ খ্রি: হতে ১১ জুন ২০২৬ খ্রি: রাত ১১.৫৯ টা পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে।

গ. সমগ্র শিক্ষা জীবনে ন্যূনতম ২টি প্রথম বিভাগ (জিপিএ ৫ স্কেলে ৩.৫০ এবং ৪ স্কেলে ৩.০০) থাকতে হবে।

ঘ. ফেলোশিপের জন্য আবেদন জমাদানের তারিখে বয়স সর্বোচ্চ ৪৫ বছর।

ঙ. অনলাইনে আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার অনুলিপি (সনদ ও মার্কশিট), পিএইচডি কোর্সে ভর্তি/রেজিস্ট্রেশনের কপি, গবেষণা প্রস্তাবনা (synopsis) বাংলা/ইংরেজীতে, বিভাগীয় প্রধান ও তত্ত্বাবধায়কের প্রত্যয়নপত্র আবশ্যিকভাবে সংযোজন (Upload) করতে হবে।


চ. অনলাইনে পুরণকৃত আবেদনপত্র ডাউনলোড করে সংশ্লিষ্ট কাগজপত্রসহ (০২ সেট আবেদন) আবেদনের শেষ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সরাসরি/ডাকযোগে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯ বরাবর প্রেরণ করতে হবে।

ছ. সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের কপি সংযোজন (Upload) করতে হবে।

জ. কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি বাতিল/পরিবর্তন এবং যে কোনো আবেদন বিবেচনা/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

ঝ. বিস্তারিত জানতে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ওয়েবসাইটে www.pmeat.gov.bd এ সংক্রান্ত নির্দেশিকাসহ অন্যান্য বিষয়াদি দেখা যেতে পারে।

হট লাইন: ০১৭২৪৫৯৬৬৭৬
০১৯১৩৭২৮৬৬০
০২-৫৫০০০৪২৮



(স্মৃতি কর্মকার)

ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৫৫০০০৯২২

ই-মেইল: md@pmeat.gov.bd